১৪ অক্টোবর, ২০২৫

# শাপলা প্রতীক না পেলে নির্বাচনে অংশ নেবে না এনসিপি: সারোয়ার তুষার



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) শাপলা প্রতীক না পেলে নিবন্ধন নেবে না বলে ঘোষণা দিয়েছে। দলটির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার নির্বাচন কমিশনকে (ইসি) স্বৈরাচারী আচরণের অভিযোগ এনে বলেন, শাপলা প্রতীক না দিলে নির্বাচনে জটিলতা তৈরি হলে তার দায় কমিশনের। তবে ইসি জানিয়েছে, বিধিমালায় শাপলা প্রতীক না থাকায় তা বরাদ্দ দেওয়া সম্ভব নয়।

শাপলা প্রতীককে নিজেদের পরিচয়ের প্রতীক হিসেবে দাবি করে নিবন্ধনের শর্তে অনড় রয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার বলেন, "শাপলা প্রতীক না পেলে এনসিপি কোনো নিবন্ধন নেবে না। ইসি সচিবের বক্তব্য স্বৈরাচারী মানসিকতার প্রতিফলন। কমিশন চাইলে সহজেই প্রতীকটি অনুমোদন দিতে পারে।"

তিনি আরও সতর্ক করে বলেন, "শাপলা প্রতীক দেওয়া নিয়ে কোনো অযৌক্তিক জটিলতা তৈরি হলে তার পূর্ণ দায়ভার ইসিকেই নিতে হবে।"

অন্যদিকে, এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, "এনসিপি এবারও শাপলা প্রতীক পাবে—এটাই আমাদের বিশ্বাস।"

কিন্তু নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ জানিয়েছেন, "চলতি নির্বাচনী বিধিমালায় শাপলা প্রতীক অন্তর্ভুক্ত নেই, তাই কমিশনের পক্ষে এটি বরাদ্দ দেওয়া সম্ভব নয়।"

উল্লেখ্য, শাপলা প্রতীক পেতে এনসিপি বহুদিন ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছে। ইসির সঙ্গে একাধিকবার বৈঠক ও চিঠি আদানপ্রদান করেছে তারা। দলের নেতারা হুঁশিয়ারি দিয়ে বলেছেন, প্রয়োজনে তারা রাজপথে নামবেন এবং প্রতীক না পেলে নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন।